গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্যসেবা বিভাগ
জনস্বাস্থ্য-২
www.hsd.gov.bd

নং- ৪৫.০০.০০০০.১৬১.১৩৭.১৪.১৭- ৩৫২

তারিখঃ ৩০.০৯.২০১৮ খ্রিঃ

২৫ তম বিসিসি ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণী

সভাপতিঃ- জনাব মোঃ হাবিবুর রহমান খান, অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

সভার স্থানঃ- সম্মেলন কক্ষ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (পুরাতন ভবন)

তারিখ ও সময়ঃ- ১০.০৯.২০১৮ খ্রিঃ, সকাল ৯.৩০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপিত।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং পরিচয় পর্বের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন।

সভাপতির অনুমতিক্রমে ডাঃ মোঃ রওশন আনোয়ার, পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা ও প্রধান (অতিঃ দায়িত্ব), স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর স্বাগত বক্তব্য প্রদান করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার আলোচনা পর্ব শুরু হয়।

৩। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ও এনএনএস এর প্রতিনিধি ও ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার জনাব মোঃ আমান উল্লাহ সভায় বিগত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনা শেষে গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

৪। এসবিসিসি কার্যক্রম বাস্তবায়ন ও পরিকল্পনা উপস্থাপনঃ উপস্থিত সদস্যদের মধ্যে মত বিনিময়ের উদ্দেশ্যে ও নিজেদের মধ্যে প্রয়োজনীয় সমন্বয়ের স্বার্থে স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ৪ (চার) টি ইউনিট (স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, আইপিএইচএন, সিবিএইচসি ও আইইএম ইউনিট) এবং বেসরকারি সংস্থা প্ল্যান ইন্টারন্যাশনাল, সোশ্যাল মার্কেটিং কোম্পানী, ইউএসএআইডি ইনকা প্রজেক্ট ও ইউনিভার্সিটি অফ শিকাগো বিগত তিন মাসের কার্যক্রম অগ্রগতি ও কর্ম পরিকল্পনা উপস্থাপন করেন।

ক) পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আইইএম ইউনিটের পক্ষে জনাব জাকিয়া আক্তার, উপপরিচালক ও প্রোগ্রাম ম্যানেজার তাঁর ইউনিটের বিগত তিন মাসে সম্পাদিত এসবিসিসি কার্যক্রম ও কর্ম পরিকল্পনা পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তুলে ধরেন। তিনি সভাকে অবহিত করেন যে, আইইএম ইউনিট ইতোমধ্যে বিশেষ কল সেন্টার স্থাপন (কল সেন্টার নং-১৬৭৬৭), কিশোর-কিশোরীদের জন্য আরবান ক্যাম্পেইন, পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য উন্নয়নে বিভাগীয় পর্যায়ে সামাজিক সংলাপের আয়োজন, সমন্বিত বিদ্যালয় শিক্ষা কার্যক্রম চালুকরণ, বিশ্ব জনসংখ্যা দিবস উদ্‌যাপন, ইউনিট কর্তৃক প্রস্তুতকৃত আইইসি সামগ্রী ও এসবিসিসি কার্যক্রমের কার্যক্ষমতা ও প্রভাব বিষয়ে মূল্যায়ন ইত্যাদি সম্পন্ন করেছে। তিনি ২০১৮-১৯ অর্থ বছরে গৃহীত কর্মসূচি সম্পর্কেও সভাকে ধারণা প্রদান করেন। বিশেষ করে তিনি পরিবার পরিকল্পনায় বিবাহপূর্ব পরামর্শদানের বিষয়ে গৃহীত পদক্ষেপের বর্ণনা দেন।

খ। প্ল্যান ইন্টারন্যাশনাল এর এসবিসিসি এ্যাডভাইজার মিজ কান্তা দেবী তাঁর প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত 'বর্ণ অন টাইম' নামীয় নতুন প্রকল্পের বিভিন্ন দিক পিপিটির মাধ্যমে বিস্তারিতভাবে তুলে ধরেন।

গ। এনএনএস এর প্রতিনিধি ও ডিপিএম জনাব মোঃ আমান উল্লাহ পুষ্টি সেবায় গৃহীত কার্যক্রমসমূহ সভায় তুলে ধরেন। তিনি প্রথমবারের মতো বাস্তবায়িত জাতীয় পুষ্টি সপ্তাহ-২০১৮ এ বাস্তবায়িত কার্যক্রম, জাতীয় ভিটামিন-এ ক্যাম্পেইন এর বিস্তারিত দিক তুলে ধরেন।

ঘ। ইউএসএআইডি ইনকা প্রজেক্ট এর প্রতিনিধি সংক্ষিপ্ত উপস্থাপনায় ইউএসএআইডি'র অর্থায়নে জনগণের পুষ্টি উন্নয়নে বাস্তবায়িত ইনকা প্রজেক্ট এর বিভিন্ন কার্যক্রম উপস্থাপনা করেন।

ঙ। ইউনিভার্সিটি অফ শিকাগো রিসার্চ বাংলাদেশের পক্ষ হতে সংস্থা কর্তৃক পরিচালিত স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য ব্যবস্থাপনা সম্পর্কিত প্রকল্পটি উপস্থাপনা করা হয়।

চ। সিবিএইচসি ওপির ডিপিএম ডাঃ গীতা দেবী নির্ধারিত ছকে তাঁর ইউনিটের কার্যক্রম উপস্থাপনা করেন। তিনি সিবিএইচসির প্রকাশিত ত্রৈমাসিক পত্রিকা, কমিউনিটি ক্লিনিকের প্রতিষ্ঠা বার্ষিকী আয়োজন, বার্ষিক ক্যালেন্ডার প্রকাশ,

Scanned by CamScanner

উপজেলা হাসপাতাল ও কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্য শিক্ষা প্রদানের জন্য প্রস্তুতকৃত ফ্ল্যাশকার্ড ইত্যাদি বিষয় সভাকে অবহিত করেন।

ছ। জনাব মোঃ মোখলেছুর রহমান, সহকারি প্রধান (কাঃওসঃ), স্বাস্থ্য শিক্ষা ব্যুরো ও ডিপিএম নির্ধারিত মেট্রিক্স উপস্থাপনার মাধ্যমে নিপসমের সহায়তায় পরিচালিত প্রশিক্ষন কার্যক্রম সভাকে অবহিত করেন। এছাড়া ইউএসএআইডি'র কারিগরি সহায়তায় পরিচালিত বার্ষিক কার্যদক্ষতা মূল্যায়ন, নিপসমের সহায়তায় ৬৪ জেলায় মানুষের জীবন মান উন্নয়নে জ্ঞান ও অভ্যাসগত আচরণের বেইজ লাইন সার্ভে, প্রধানমন্ত্রী কার্যালয়ের এটুআই প্রোগ্রামের মাধ্যমে ফেসবুক আপডেট করা ও দৈনিক পত্রিকার মাধ্যমে স্বাস্থ্য বার্তা প্রচারের বিষয়টি তিনি সভাকে অবহিত করেন।

জ। এসএমসি প্রতিনিধি তাঁর উপস্থাপনায় সংস্থা কর্তৃক পরিচালিত ৪ (চার) টি প্রকল্প সম্পর্কে সভায় উপস্থাপনা করেন। প্রকল্পগুলি হচ্ছে- এসএমসি ব্লু স্টার, পিংক স্টার, পিসিএইচপি এবং নতুন দিন। এছাড়া সভায় ব্লু স্টার ও পিংক স্টার প্রকল্পের সদ্য নির্মিত ২ (দুই) টি টিভি বিজ্ঞাপনও সভায় উপস্থাপন করা হয়।

ঝ। ইউএসএআইডি উজ্জীবন এসবিসিসি প্রজেক্টের সিনিয়র কমিউনিকেশন স্পেশালিস্ট জনাব দীপক কান্তি মজুমদার সম্প্রতি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী জাতীয়, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে এসবিসিসি কার্যক্রম সমন্বয়ের জন্য গঠিত কমিটিসমূহের রূপরেখা ও কার্যপরিধি সভায় তুলে ধরেন। তিনি ইতোপূর্বে যে সকল বেসরকারি সংস্থা, উন্নয়ন সহযোগী ও প্রাইভেট প্রতিষ্ঠানের প্রতিনিধি বিসিসি ওয়ার্কিং গ্রুপের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত ছিলেন তাদের নতুন কার্যপরিধির আলোকে সদস্যভুক্তি অনুমোদনের প্রস্তাব করেন। তিনি মন্ত্রনালয় কর্তৃক প্রকাশিতব্য এসবিসিসি কার্যক্রমের বার্ষিক প্রতিবেদনের (২০১৭-১৮) জন্য প্রণীত খসড়া প্রতিবেদন ছক সভায় উপস্থাপন করেন।

৫। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

ক) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বিসিসি ওয়ার্কিং গ্রুপের নতুন কার্যপরিধি ঘোষিত হওয়ায় পরবর্তী সভা হতে যথাযথভাবে কার্যপরিধি অনুসরণ করে ওয়ার্কিং গ্রুপের সভা আয়োজন করতে হবে;

খ) ইতোপূর্বে যে সকল বেসরকারি সংস্থা, উন্নয়ন সহযোগী ও প্রাইভেট প্রতিষ্ঠানের প্রতিনিধি বিসিসি ওয়ার্কিং গ্রুপের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত ছিলেন বিসিসি ওয়ার্কিং গ্রুপের নতুন কার্যপরিধির আলোকে তাদের সদস্যভুক্তি অনুমোদন করা হয়;

গ) প্রকাশিতব্য এসবিসিসি কার্যক্রমের বার্ষিক প্রতিবেদনের (২০১৭-১৮) জন্য প্রণীত ও উপস্থাপিত 'খসড়া প্রতিবেদন ছক' বিসিসি ওয়ার্কিং গ্রুপের মেইলে প্রেরণ করতে হবে এবং সদস্যগণ আগামী ১৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রেরণকারীর নিকট মতামত দিতে হবে;

ঘ) প্রতি বছর ডিসেম্বর মাসের মধ্যে পূর্ববর্তী অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হবে;

ঙ) বিদ্যালয় পর্যায়ে কিশোর-কিশোরীদের জন্য এসবিসিসি কার্যক্রমের সমন্বিত বাস্তবায়ন জোরদার করতে হবে;

চ) পরবর্তী বিসিসি ওয়ার্কিং গ্রুপের সভা আগামী নভেম্বর ২০১৮ মাসে দ্বিতীয় সপ্তাহে অনুষ্ঠিত হবে এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আইইএম ইউনিট এই সভার উদ্যোক্তা ও আয়োজক হবেন।

৬। অতঃপর আর কিছু আলোচ্য না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৮/১৮

(মোঃ হাবিবুর রহমান খান)
অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য)
ও
সভাপতি, বিসিসি ওয়ার্কিং গ্রুপ

Scanned by CamScanner